দৈনিক খবর

072

06 JUN 1988

২ ২

# সরকার প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের উপর গুরুত্ব দিয়েছেন ঃ শিক্ষামন্ত্রী

ময়মনসিংহ, ৫ই জুন (তথ্য বিবরণী)।— শিক্ষামন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেন, সরকার প্রাথমিক শিক্ষার গুণগত ও পরিমাণগত মান উন্নয়নের সাথে সাথে বিদ্যালয়ে গমন উপযোগী ৬ থেকে ১১ বছর বয়সের শতকরা ৭০ জনকে বিদ্যালয়ে আনা এবং তাদের বিদ্যালয় পরিত্যাগ রোধ করার ওপর সবিশেষ গুরুত্ব আরোপ করেছেন।

মন্ত্রী গতকাল জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমীতে অনুষ্ঠিত জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ '৮৮-এর সমাপনী অনুষ্ঠানে বিভিন্ন জেলা হতে নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষক ও শ্রেষ্ঠ শিশু-শিল্পীদের মাঝে পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা মানুষের জন্মগত অধিকার। এ অধিকার নিশ্চিত করতে হলে দেশের প্রতিটি শিশুকে প্রাথমিক শিক্ষায় শিক্ষিত করে তুলতে হবে। এ ক্ষেত্রে প্রাথমিক শিক্ষকদের ভূমিকার কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, শিক্ষকরাই হচ্ছে দেশ গড়ার কারিগর।

শিক্ষামন্ত্রী বলেন, সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্পের একটি উল্লেখযোগ্য দিক হচ্ছে আউট রোধ করা এবং শিশুদের ৫ম শ্রেণীর পড়া শেষ না করা পর্যন্ত বিদ্যালয়ে স্থির রাখা।